নিঃ মণ্ডল

Addl. CE (Audit)
SE (Audit)
আলাপ করুন

প্রধান প্রকৌশলী
এলজিইডি
পত্র নং
স্বাক্ষর
তারিখ

অডিট এন্ড একাউন্টস সেল
১৪৯
তাং ৯/৯/২০২০
এলজিইডি, সদর দপ্তর, ঢাকা

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
একাউন্টস্ এন্ড অডিট উইং
অডিট ভবন
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।
www.cag.org.bd

নং-সিএজি/অডিট/পূর্ত অডিট/এলজিইডি/আ.নি.স/২০১০-১১/১৩১(১৯)/১৭১ তারিখ : ০৩/০৯/২০২০ খ্রিঃ।

**বিষয় : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সিএজির রিপোর্ট ২০০৯-২০১০ এর অনুচ্ছেদ নং ৭ , ৮ ও ৯ এর বিষয়ে দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম বৈঠকের সিদ্ধান্ত মোতাবেক গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র : ১. ৪৬.০৪৮.০১.০০.০০০০.০৩৮.১৫(অ-১)-২২০, তারিখঃ ০৪/০৯/২০১৯ খ্রিঃ।
২. ডিজি/পূর্ত অডিট/কে-১/১০ম সংসদ/পিএসি/২৬ তম বৈঠক/এলজিইডি/৪২০(খণ্ড-১)/৬৯, তারিখ : ১১/১১/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। সূত্রস্থ পত্রের মাধ্যমে পূর্ত অডিট অধিদপ্তর হতে প্রেরিত স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের উপর সিএজির রিপোর্ট ২০০৯-২০১০ এর অনুচ্ছেদ নং ৭ , ৮ ও ৯ এর বিষয়ে দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম বৈঠকের সিদ্ধান্ত মোতাবেক গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনের উপর এ কার্যালয়ের মন্তব্য নিম্নরূপ :

| সংকলন সন, অনুচ্ছেদ নং, প্রতিষ্ঠানের নাম, আপত্তির শিরোনাম ও জড়িত টাকা | ১০ম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম বৈঠকের সিদ্ধান্ত | তদন্ত কমিটির মতামত | মন্ত্রণালয়ের মন্তব্য | পূর্ত অডিট অধিদপ্তরের মন্তব্য | সিএজি কার্যালয়ের মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| সন : ২০০৯-২০১০, অনুচ্ছেদ : ৭<br>বৃহত্তর ঢাকা জেলা অবকাঠামো উন্নয়ন প্রকল্প।<br>"১২টি ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণ না করা সত্ত্বেও অব্যয়িত ৩,৩৩,৪০,০০০/- টাকা কোষাগারে জমা না করে ভিন্ন কাজে এখতিয়ার বহির্ভূত অনিয়মিত ব্যয়।" | স্থানীয় সরকার বিভাগের একজন অতিরিক্ত সচিবকে আহবায়ক করে ৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করতে হবে। তদন্ত কমিটির অন্য ২ জন সদস্য হবেন এলজিইডি'র একজন তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং পূর্ত অডিট অধিদপ্তরের সংশ্লিষ্ট পরিচালক। তদন্ত কমিটি কাজটি সঠিকভাবে হয়েছে কিনা পূর্ণাঙ্গ প্রতিবেদন পেশ করবে। উক্ত তদন্ত রিপোর্টের ভিত্তিতে সচিব খাত সমন্বয়, প্রমার্জন ইত্যাদি বিষয়ে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন অনধিক ৬০ দিনের মধ্যে নিরীক্ষা কর্তৃপক্ষের মাধ্যমে কমিটিতে পেশ | ১২টি ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণ বাবদ অব্যয়িত ৩,৩৩,৪০,০০০/- টাকা কোষাগারে জমা না করে ভিন্ন কাজে (ইউনিয়ন সড়ক, ড্রেন এবং ফুটব্রীজ নির্মাণ) ব্যয় করা হয়েছে মর্মে প্রমাণ পাওয়া গেছে। প্রকল্পের অংগভিত্তিক ব্যয় সমন্বয় ব্যতিরেকে এক অংগের টাকা অন্য অংগে অননুমোদিতভাবে ব্যয় করা হয়েছে। | জবাব সন্তোষজনক। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ব্রডশীট জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হলো এবং সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির পরবর্তী সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত ব্রডশীট জবাবের এক প্রস্থ মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরণ করা হলো। | তদন্ত কমিটির মতামতে "১২টি ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণ বাবদ অব্যয়িত অর্থ কোষাগারে জমা না করে ভিন্ন কাজে (ইউনিয়ন সড়ক, ড্রেন এবং ফুটব্রীজ নির্মাণ) ব্যয় করা হয়েছে" মর্মে প্রমাণ পাওয়া গেছে বিধায় অননুমোদিতভাবে ব্যয়ের সাথে জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের দায় দায়িত্ব নির্ধারণ করা আবশ্যক। | পূর্ত অডিট অধিদপ্তরের মন্তব্যের সাথে একমত পোষণ করে অননুমোদিতভাবে ব্যয়ের সাথে জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের দায় দায়িত্ব নির্ধারণ করা আবশ্যক। |
| সন : ২০০৯-২০১০, অনুচ্ছেদ : ৮<br>নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নাটোর ও পঞ্চগড়।<br>"পিপিআর-২০০৮ এর ব্যত্যয় ঘটিয়ে বহুল প্রচারিত পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ ব্যতিরেকে কার্য সম্পাদন।"<br>জড়িত অর্থ ৩,৯০,৭৭,৬১৮/- টাকা। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নাটোর ও নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, পঞ্চগড় সংশ্লিষ্ট আপত্তির বিষয়ে পূর্বে উল্লিখিত অনুচ্ছেদ ৭ এর জন্য গঠিত তদন্ত কমিটি কর্তৃক তদন্ত করে অনধিক ৬০ দিনের মধ্যে নিরীক্ষা কর্তৃপক্ষের মাধ্যমে কমিটিকে অবহিত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী,নাটোর ও পঞ্চগড় কর্তৃক পিপিআর - ২০০৮ এর ব্যত্যয় ঘটিয়ে বহুল প্রচারিত পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ ব্যতিরেকে কার্য সম্পাদনের প্রমাণ পাওয়া যায়নি। | জবাব সন্তোষজনক। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ব্রডশীট জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হলো এবং সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির পরবর্তী সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত ব্রডশীট জবাবের এক প্রস্থ মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরণ করা হলো। | তদন্ত কমিটির প্রতিবেদনে "পিপিআর- ২০০৮ এর ব্যত্যয় ঘটিয়ে বহুল প্রচারিত পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ ব্যতিরেকে কার্য সম্পাদনের প্রমাণ পাওয়া যায়নি" মর্মে উল্লেখ করায় এবং মন্ত্রণালয়ের সুপারিশ থাকায় আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হলো। | তদন্ত কমিটির রিপোর্ট ও প্রমাণক পর্যালোচনায় দেখা যায় যে, সংশ্লিষ্ট কাজের জন্য বিধি মোতাবেক জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছিল। ফলে পিপিআর-২০০৮ এর কোন ব্যত্যয় ঘটে নাই। তাই, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ও পূর্ত অডিট অধিদপ্তরের মতামতের সাথে একমত পোষণ করে আপত্তিটি নিষ্পত্তির সুপারিশের সাথে একমত পোষণ করা হলো। |

| সংকলন সন, অনুচ্ছেদ নং, প্রতিষ্ঠানের নাম, আপত্তির শিরোনাম ও জড়িত টাকা | ১০ম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম বৈঠকের সিদ্ধান্ত | তদন্ত কমিটির মতামত | মন্ত্রণালয়ের মন্তব্য | পূর্ত অডিট অধিদপ্তরের মন্তব্য | সিএজি কার্যালয়ের মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| সন : ২০০৯-২০১০, অনুচ্ছেদ : ৯<br><br>নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, টাঙ্গাইল।<br><br>"সড়ক ও জনপথ বিভাগ হতে হস্তান্তরিত সড়ক পাকা হওয়া সত্ত্বেও উক্ত সড়ককে মাটির তৈরী কাঁচা রাস্তা দেখিয়ে উন্নয়নের নামে ঠিকাদারকে অর্থ পরিশোধ করায় মোট ৩৯,৩৮,৩০৫/- টাকা ক্ষতি।" | আপত্তিকৃত রাস্তাটি সড়ক থেকে এলজিইডিতে স্থানান্তরিত হয় এবং ঐ সময়ে সড়কটির ৯.০০ কি:মি: কাঁচা ছিল। প্রকল্পটির কাঁচা অংশের উন্নয়নের জন্য প্রকল্প নেয়া হয়েছিল মর্মে সংস্থার জবাবের বিষয়টি অনধিক ১৫ দিনের মধ্যে সচিব নিশ্চিত করে নিরীখ কর্তৃপক্ষকে অবহিত করবেন। সচিবের সন্তোষজনক প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে এবং নিরীক্ষা কর্তৃপক্ষের সন্তুষ্টি সাপেক্ষে আপত্তিটি নিষ্পত্তি হয়েছে বলে গণ্য হবে। | সাইট পরিদর্শন ও নথি পর্যালোচনা করে দেখা যায় যে, টাংগাইল জেলার কালিহাতি উপজেলাধীন বড়চাওনা হতে সখিপুর সড়কের ৯০০০ মি: হতে ১০১৩০ মি: পর্যন্ত সড়ক এ RHD এর কোন পাকা অংশ এলজিইডি এর মাধ্যমে পুন:পাকা করা হয় নাই। | জবাব সন্তোষজনক। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ব্রডশীট জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হলো এবং সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির পরবর্তী সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত ব্রডশীট জবাবের এক প্রস্থ মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরণ করা হলো। | তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, টাংগাইল জেলার কালিহাতি উপজেলাধীন বড়চাওনা হতে সখিপুর সড়কের ৯০০০ মি: হতে ১০১৩০ মি: পর্যন্ত সড়ক এ RHD এর কোন পাকা অংশ এলজিইডি এর মাধ্যমে পুন:পাকা করা হয় নাই। জবাব, প্রমাণক এবং মন্ত্রণালয়ের সুপারিশের প্রেক্ষিতে আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হলো। | ১০ম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির নির্দেশনা অনুযায়ী গঠিত তদন্ত কমিটি, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ও পূর্ত অডিট অধিদপ্তরের মতামতের সাথে একমত পোষণ করে আপত্তিটি নিষ্পত্তির সুপারিশের সাথে একমত পোষণ করা হলো। |

ওপরে উল্লিখিত বিষয়টি মাননীয় সভাপতি মহোদয়কে অবহিত করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ৮১ (একাশি) পাতা।

স্বাক্ষরিত
(মোঃ মাহবুবুল হক)
উপ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (এএন্ডআর)
ফোন : ৪৮৩২২০৬৫

কমিটি সচিব
কমিটি শাখা-১
সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ
শেরে বাংলা নগর, ঢাকা।

নং-সিএজি/অডিট/পূর্ত অডিট/এলজিইডি/আ.নি.স/২০১০-১১/১৩১(১৯)/১৭১ তারিখ : ০৩/০৯/২০২০ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৩। পিএ টু ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিনিয়র), সিএজি কার্যালয়।
৪। পিএ টু ডেপুটি ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এএন্ডআর), সিএজি কার্যালয়।
৫। পিএ টু ডেপুটি এডিশনাল ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সংসদ), সিএজি কার্যালয়।
৬। অফিস কপি/গার্ড ফাইল।

06/৯/2020
(মোঃ সামসুর রহিম সরকার)
অডিট এন্ড একাউন্টস অফিসার
রিপোর্ট-২ শাখা।